ALL INDIA SENIOR SCHOOL EXAMINATION

2023-2024

# MARKING SCHEME

## SUBJECT- BENGALI (005)

## CLASS –X

## SESSION – 2023-2024

**TIME - 3 HOURS** **MAXIMUM MARKS - 80**

**Code No. 005**

**General Instructions:**

**1.** The Marking Scheme contains **23** printed pages.

**2.** The question paper contains **16** questions.

**3**. The Question Paper is divided into **two** Parts

**PART – A** : Objective type paper (MCQ) : **25** Marks

**PART – B** : Descriptive paper: **55** Marks

**4. PART – A** has **three** sections :

**Section – A: Reading ( Unseen Comprehension): 12 Marks**

**Section – B: Grammar : 03 Marks**

**Section – C : Main Course Book : 10 Marks**

**PART- B** has **three** sections:

**Section – B: Grammar : 15 Marks**

**Section – C : Supplementary Reader/ Non-detailed Text : 30Marks**

**Section – D : Creative Writing : 10 Marks**

# Marking Scheme

## Class – X (2023 – 2024)

## Subject – Bengali (Code No. – 005)

সময়- ৩ঘন্টা সর্বমোট অঙ্ক - ৮০

**Time : 3 Hours.** **Maximum Marks: 80**

| | | **PART – A : Objective Type Paper ( MCQ)** | |
|---|---|---|---|
| **Section** | **Question No.** | **Expected Answers / Value Points** | **Distribution of Marks** |
| **A**<br><br>**(Unseen Comprehension)** | **1.** | বোধপরীক্ষণ থেকে নির্বাচনমূলক প্রশ্ন (MCQ)<br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর - 1 | **3x(1x4)=12** |
| | A. i. | c. তারা সকলেই সমুদ্রকে অত্যন্ত ভালোভাবে চিনত। | |
| | ii. | d. কারণ (ক) ভুল কিন্তু কারণ (খ) সঠিক | |
| | iii. | b.তটবর্তী সমুদ্র যত উত্তাল ও অশান্ত, | |

| | | | |
|---|---|---|---|
| | | বাহির সমুদ্রে ততটা নয়। | |
| | iv. | b. ভেলায় করিয়া কেহ কখনও গন্তব্যে পৌঁছাইয়াছে এমন বৃত্তান্ত নিতান্ত ঝানু নাবিকটিও শোনে নাই। | |
| | B. i. | c. মে-র শেষ সপ্তাহ থেকে জুনের প্রথম সপ্তাহের মধ্যবর্তী সময়কাল। | |
| | ii. | a. মন্তব্য (ক) সঠিক কিন্তু মন্তব্য (খ) ভুল | |
| | iii. | c. আবহাওয়ার বিচিত্র গতিপ্রকৃতি। | |
| | iv. | d. দুর্গম | |
| | C. i. | c. স্বদেশ যাদের কাছে অজানা, অচেনা রয়ে গেছে। | |

| | | | |
|---|---|---|---|
| | ii. | a)মন্তব্য (ক) সঠিক হলেও মন্তব্য (খ) ভুল | |
| | iii. | c.গাড়োয়ালরাজ তাঁর পূর্বপুরুষকে এই মন্দিরের পূজার ভার দিয়েছিলেন তাই বংশানুক্রমিকভাবে তিনি সেই দায়িত্ব পালন করছেন। | |
| | iv. | d. পুরঃ + হিত | |
| **B**<br><br>**(Grammar)** | **2.** | প্রদত্ত বিকল্পগুলি থেকে সাধু/চলিত রূপান্তরের সঠিক উত্তরটি নির্বাচন করতে হবে। (MCQ)<br><br>**পাঁচটির** মধ্যে যেকোনো **তিনটির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br><br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 | **1x3=3** |
| | i. | b. তিনি মনস্থির করিয়াছেন, আজ সন্ধ্যার মধ্যেই কাবুলে পৌঁছাইবেন। | |

| | | | |
|---|---|---|---|
| | ii. | c. শরৎ আচ্ছন্নের মতো বললেন , সেই ভাঙা খড়ের ঘর আরো পুরোনো হয়েছে। | |
| | iii. | d.. সে আমাকে ঘরের একটি নির্দিষ্ট স্থানে বসাইয়া আমার চারদিকে গণ্ডি কাটিয়া  দিত। | |
| | iv. | b. খাঁচাটির উন্নতি হলেও পাখির খবর কেউ রাখে না। | |
| | v. | b. 'জুতা খুলিয়া চলুন মেহেরবানি করিয়া'। . | |
| C<br><br>(Main Course Book) | **3**. | গদ্য থেকে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে লিখতে হবে।<br><br>**আটটির** মধ্যে যেকোনো **পাঁচটির**  সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br><br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ নম্বর -1 | |
| | i. | c. হ্যাট বাজিয়ে গলা ছেড়ে আলোবাবুকে গান গাইতে দেখেছিলেন। | |
| | ii. | b. ইসাবের বাবার গোয়ালঘরে। | |
| | iii. | a.  তিনতলার সিঁড়িতে বসে | |

| | | | |
|---|---|---|---|
| | | একটা আস্ত গল্প লিখে সেটা পড়ার পর। | |
| | iv. | a.কারণ (ক) সঠিক হলেও কারণ (খ) ভুল | |
| | v. | d.কথকের বাড়িতে | |
| | vi. | b. ব্যতিক্রমী গল্প বলে ছোটোমেসো যখন প্রশংসা করেন। | |
| | vii. | b. ক্ষেতে কাজ করতে হয় বলে ইসাবের জামা ছিঁড়ে গেছে। | |
| | viii. | c. কারণ (ক) এবং কারণ (খ) দুটিই সঠিক | |
| (Supplementary Reader/Non-detailed Text) | **4.** | গল্পগুচ্ছ(পাঠ্যসংস্করণ) থেকে প্রদত্ত বিকল্পগুলির মধ্যে থেকে সঠিক উত্তরটি বেছে লিখতে হবে।<br>**ছ'টির** মধ্যে যেকোনো **চারটির** সঠিক উত্তর নির্বাচন করতে হবে।<br>প্রতিটি সঠিক উত্তরের জন্য বরাদ্দ **নম্বর** -1 | **1x4=4** |
| | i. | c.কিশমিশ ও খোবানি | |
| | ii. | a. কারণ (ক) সঠিক হলেও | |

| | | | |
|---|---|---|---|
| | | কারণ (খ) ভুল | |
| | iii. | c.পেয়ারাতলায় পা ছড়িয়ে বসে কাঁচা পেয়ারা খাচ্ছিল। | |
| | iv. | a. রাধামুকুন্দ | |
| | v. | b.কথকের প্রতিবেশীকে ছুরি দিয়ে আঘাত করার জন্য। | |
| | vi. | c.তাকে সঙ্গে করে পোস্টমাস্টারের বাড়ি নিয়ে যাবার কথা। | |
| **PART – B**<br>**B**<br>**Grammar** | **5.** | সন্ধিবদ্ধ করা বা সন্ধি বিচ্ছেদের ক্ষেত্রে সঠিক উত্তরটি লিখতে পারলে 1 নম্বর।<br>সন্ধিবিচ্ছেদের ক্ষেত্রে **পাঁচটির** মধ্যে যেকোনো **তিনটির** উত্তর লিখতে হবে। সন্ধিবদ্ধ করার ক্ষেত্রে **চারটির** মধ্যে যেকোনো **দুটির** উত্তর লিখতে হবে।<br>উত্তর সঙ্কেত : **5A** যথাক্রমে<br>ততঃ +অধিক<br>বাপ + ভাই | **1x3=3**<br>**&**<br>**1x2=2** |

| | | | |
|---|---|---|---|
| | | সম্ + ধি<br><br>নিঃ + অবধি<br><br>উদ্ + চকিত<br><br>**<u>5B</u>** যথাক্রমে<br><br>নীরজ<br><br>তৎপরতা<br><br>কিঙ্কর<br><br>কোত্থেকে | |
| | **6.** | রেখাঙ্কিত পদের ব্যাসবাক্যসহ সমাস নির্ণয়ের ক্ষেত্রে ব্যাসবাক্য এবং সমাসের (মূল শ্রেণীবিভাগসহ) নাম সঠিক লিখতে পারলে 1 নম্বর।<br><br>সমাসের নাম সঠিক অথচ ব্যাসবাক্য ভুল হলে অথবা সমাসের নাম/শ্রেণীবিভাগের নাম ভুল অথচ ব্যাসবাক্য সঠিক হলে (0.5) নম্বর পাওয়া যাবে।<br><br>**সাতটির** মধ্যে যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর লিখতে হবে। | **1x5=5** |

| | | | |
|---|---|---|---|
| | | উত্তর সঙ্কেত :<br><br>A.দ্বীপের সদৃশ -অব্যয়ীভাব সমাস, তাতে।<br><br>B.**শশের(শশকের)** ন্যায় ব্যস্ত- উপমান কর্মধারয় সমাস<br><br>C. আমি ও সে/ আমি ও তুমি/ আমি, তুমি ও সে – একশেষ দ্বন্দ্ব সমাস<br><br>D. ধর ও পাকড় – দ্বন্দ্ব সমাস<br><br>E. দিল রূপ দরিয়া – রূপক কর্মধারয় সমাস<br><br>F. ছাত্র থাকাকালীন জীবন – মধ্যপদলোপী কর্মধারয় সমাস<br><br>G. ভিক্ষার অভাব – অব্যয়ীভাব সমাস , তার | |
| | **7.** | নির্দেশানুসারে বাক্যের সঠিক রূপান্তর করলে 1 নম্বর।<br><br>**সাতটির** মধ্যে যেকোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর লিখতে হবে।<br><br>উত্তর সঙ্কেত ঃ<br><br>A. যেমন কাজ করবে তেমন/তদনুরূপ ফল পাবে। | **1x5=5** |

| | | | |
|---|---|---|---|
| | | B. সে সন্ধান জানিত না নতুবা না লইয়া পলাইত না।<br>C. পরিচিত এই স্পর্শ পেলে প্রাণীটি চঞ্চল হয়ে ওঠে।<br>D. তোমার রচনাই সত্য হইবে।<br>E. ফাঁসির যে মঞ্চ তা হলো/ হয়ে উঠল মালঞ্চ।<br>F. ছেলেটি একথা তখন বলিয়াছিল কিন্তু এখন অস্বীকার করিল।<br>G. ভালো ছবির জন্য যা লাগে তা ভালো ক্যামেরা নয়, তা হলো মন ও চোখের সংযোগ। | |
| **PART-B**<br>**C**<br>**(Main Course Book)** | **8.** | আশাপূর্ণা দেবীর 'জ্ঞানচক্ষু' গল্পে লেখক ছোটোমেসোর মধ্যে সাধারণ মানুষের স্বাভাবিকত্ব দেখে উৎসাহিত হয়ে তপনের সৃজনশীলতা যে গল্পের আকার ন্যায় তার নাম 'প্রথম দিন'। সাধারণ আর পাঁচটা কিশোর বয়সী-কল্পনা স্রোতের বাইরে এসে স্কুলে ভর্তি হওয়ার দিনের অভিজ্ঞতার কথা এ গল্পের মর্মার্থ। যার প্রশংসা | **2x1 =2** |

| | | | |
|---|---|---|---|
| | | করে, ছোটোখাটো কারেকশন করে 'সন্ধ্যাতারা'য় ছাপিয়ে দেওয়ার প্রতিশ্রুতি দেন ছোট মেসো। - এর উল্লেখ থাকলে 2 নম্বর প্রাপ্য। | |
| | **9.** | আশাপূর্ণা দেবীর 'জ্ঞানচক্ষু' গল্পে বিবাহ উপলক্ষে লেখক ছোটো মেসোর সঙ্গে তপনের পরিচয় তার বহুদিন লালিত" লেখক মানে কোনো ভিনগ্রহের বাসিন্দা" - এই বিশ্বাসকে ভুল প্রমাণিত করে। সাধারণ মানুষের মতোই দিনযাপন করেও যে লেখক হওয়া যায় এই বোধের উন্মেষ তপনকে আস্ত একটা গল্প লিখে ফেলতে সাহায্য করে। ছোটো মাসির অনুরোধে ও তপনের লেখার হাত থাকায় ছোটোমেসো ' সন্ধ্যা তারা' পত্রিকায় একটু আধটু কারেকশন করে ছাপিয়েও দেন কিন্তু সেই সংশোধন তপনের লেখা কে পুরোপুরি বদলে দেয়। প্রকাশিত গল্প পড়তে গিয়ে তপন সেই গল্পে নিজের সৃষ্টিকে খুঁজে পায় না। গল্প প্রকাশিত হওয়ার এতদিন লালিত যে আনন্দ তা নিরানন্দে পরিণত | **3x1 =3** |

| | | | |
|---|---|---|---|
| | | হয়। তার সঙ্গে যুক্ত হয় বাড়ির লোকের ছোটো মেসোর দাক্ষিণ্য ব্যতীত গল্প প্রকাশিত হওয়ার ক্ষমতা সম্বন্ধে সন্দেহ প্রকাশ। তার জ্ঞানচক্ষু উন্মোচিত হয়।<br><br>**OR**<br><br>বনফুল রচিত ‘আলোবাবু’ গল্পের কেন্দ্রীয় চরিত্র আলোবাবু স্নেহের কাঙাল। তার স্নেহ প্রাণীজগৎ থেকে জড়জগৎ সর্বত্রগামী । অতি যত্নে রক্ষিত ঘড়িটির প্রতি তার আবেগ ও অনুভূতি সাধারণ মানুষের বাস্তবতাকে অতিক্রম করে। সেটি চুরি যাওয়ার ফলে একটাই চিন্তা তাকে আবেগমথিত করে যে, উপযুক্ত সময় ঘড়িটির দম দেওয়া হবে কিনা। ভালোবাসার পাত্র ও সুযোগ এতটাই কিঞ্চিত যে ঘড়িটি তার অসহায় অবলম্বন। এই অসহায় অথচ ব্যতিক্রমী দৃষ্টিভঙ্গির জন্যই তার শেষে ঠাঁই হয় পাগলাগারদে।এ বিষয়ে ব্যতিক্রমী ও দরদী মনের কিছু দৃষ্টান্ত দেওয়া যেতে পারে।- | |

| | | | |
|---|---|---|---|
| | | উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে 3 নম্বর প্রাপ্য। | |
| | **10.** | সুবোধ ঘোষের ‘বহুরূপী’ গল্পের মূল চরিত্র হরিদা খুব দরিদ্র। শহরের সবচেয়ে সরু গলিটার ভিতরে একটি ছোটো ঘর-ই হরিদার জীবনের ঘর। গল্পকথক ও তার বন্ধুদের সকাল ও সন্ধ্যার আড্ডার কেন্দ্র এই ঘর। সময় বেঁধে নিয়মমাফিক কাজে হরিদার প্রবল আপত্তি ।তাই বহুরূপী সেজে সপ্তাহে হয়তো একদিন বেরিয়ে সকলকে আনন্দ দিয়ে একাধারে জীবনের একঘেয়েমি দূর আর উপার্জন করেন হরিদা, এই নির্মোহ দৃষ্টি জীবনের পার্থিব অভাবকে দূর করতে দেয় না।- এর উল্লেখ থাকলে 2 নম্বর প্রাপ্য।<br><br>এই বিষয়ে বিরাগি সেজে জগদীশ বাবুর বাড়িতে গিয়ে চরিত্রের প্রতি আনুগত্য রক্ষা তথা বহুরূপী পেশার যে ঢং তাকে রক্ষা করার জন্যই জীবনকে স্বচ্ছল করার সুবর্ণ সুযোগ তিনি হেলায় পরিত্যাগ করেন। পরিণতিতে সেই ছোট | **(2+3) =5** |

| | | | |
|---|---|---|---|
| | | ঘরের উনুনে ভাতের হাঁড়িতে শুধু জলই ফুটতে থাকে, সব সময় চালের সংস্থানে তিনি সক্ষম হন না।-- বিশ্লেষণ কাম্য<br><br>**OR**<br><br>পান্নালাল প্যাটেল রচিত ‘অদল বদল’ গল্পে ইসাবের বাবা উল্লিখিত ‘খাঁটি জিনিস’বলতে মাতৃত্বের স্বাদ এবং বন্ধুর প্রতি অকৃত্রিম ভালোবাসার কথা বুঝিয়েছেন। - এর উল্লেখ থাকলে 2 নম্বর প্রাপ্য।<br><br>বাবার কাছ থেকে প্রচন্ড শাস্তি পাওয়ার আশঙ্কায় অমৃত তার নিজের শাস্তির চিন্তাকে উপেক্ষা করে বন্ধু ইসাবের ছেঁড়া জামার সঙ্গে নিজের জামা বদল করে নিয়েছিল। অমৃত জানতো মা যে কোনভাবেই তাকে বাবার শাস্তির হাত থেকে রক্ষা করবেন কিন্তু ইসাবকে রক্ষা করার কেউ নেই। এই পুরো ঘটনাটি ইসাবের বাবা প্রত্যক্ষ করেন এবং উপলব্ধি করেন মাতৃত্ব যেমন তেমনই প্রকৃত বন্ধুত্বও হল খাঁটি জিনিস । -- বিশ্লেষণ | |

| | | | |
|---|---|---|---|
| | | কাম্য - উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে 3 নম্বর প্রাপ্য। | |
| | **11.** | উৎস - অস্ত্রের বিরুদ্ধে গান-- কবি জয় গোস্বামী ।<br>প্রসঙ্গ- মানব সভ্যতার ইতিহাসে ক্রমাগত যুদ্ধ রক্তক্ষয় স্বৈরাচারের বিরুদ্ধে স্বতঃস্ফূর্ত সংঘবদ্ধ প্রতিরোধ প্রসঙ্গে---<br>ব্যাখ্যা-- ধ্বংসকামী স্বৈরাচারী দানবীয় শক্তিকে মানব প্রেমের মন্ত্রে প্রতিহত করতে চান কবি--মানবতার সহজস্পর্শী গানের দ্বারা সমস্ত অস্ত্রাঘাত, মারণলীলা,ধ্বংসকে উপেক্ষা করা সম্ভব--শত শত শকুন আর চিলের অমঙ্গলসূচক উপস্থিতির মধ্যেও একটি কোকিলের গানের সুর সঞ্চারিত হতে পারে সহস্র হৃদয়ে--একজনের মঙ্গলবার্তা সহস্র মানবচেতনায় শুভবুদ্ধির উন্মেষ ঘটিয়ে যুদ্ধকে প্রতিহত করতে পারে।<br>**OR** | **(5x1)=5** |

| | | | |
|---|---|---|---|
| | | উৎস- "আয় আরো বেঁধে বেঁধে থাকি" / কবি শঙ্খ ঘোষ<br><br>প্রসঙ্গ- সঙ্ঘবদ্ধ প্রতিরোধ আমাদের অস্তিত্বের সংকট এবং স্বৈরতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থা থেকে উন্নয়নশীল বলিষ্ঠ ভবিষ্যৎ জীবনে উত্তীর্ণ হওয়ার অন্যতম হাতিয়ার। সেই প্রসঙ্গেই কবির এই আহ্বান।<br><br>ব্যাখ্যা- আত্মমর্যাদা ,আত্ম অধিকার, আত্মপ্রত্যয়ের অভাব আমাদের ভিখারিতে পরিণত করেছে, অস্তিত্বের সংকট ভবিষ্যৎ প্রজন্মের সামনেএক অস্থায়ী অনিশ্চিত পৃথিবী দান করেছে । পারস্পরিক একতা ও মেলবন্ধনই এই বঞ্চনা ও অবক্ষয়ের ইতিহাস থেকে আমাদের মুক্তি দেবে। তাই কবি সাম্রাজ্যবাদী শক্তির আগ্রাসন ও রাষ্ট্রীয় স্বৈরচার থেকে মানবতার উদার ক্ষেত্রে উত্তরণের আহ্বান জানিয়েছেন।<br><br>উৎস – 1 নম্বর<br><br>প্রসঙ্গ – 1 নম্বর | |

| | | | |
|---|---|---|---|
| | | ব্যাখ্যা - 3 নম্বর<br>উপস্থাপনার মান অনুযায়ী পূর্ণ নম্বর প্রাপ্য। | |
| | **12.** | শক্তি চট্টোপাধ্যায়ের লেখা 'তিন পাহাড়ের কোলে' কবিতায় তিনজন ভ্রমণ বিলাসীর লক্ষ্যহীন পথ চলার মধ্যে মুক্তির পথ কে খুঁজে পাওয়ার আন্তরিক তাগিদ দেখা গেছে। স্টেশনের রাত্রিকালীন নির্জনতা তারাভরা আকাশ, ঝর্ণা,কাঁদড় ,টিলা, পাথর প্রভৃতির বিন্যাস মনোভূমিকে বনভূমির অন্য প্রান্তে নিয়ে গিয়ে উপস্থিত করেছে। সূর্যোদয় তিন পাহাড়ের কোলে যত্নে লালিত গ্রামের সৌন্দর্যকে অনেক বেশি গভীর করেছে।<br>নগর জীবনের গতানুগতিকতা থেকে মুক্তি পেয়ে তিন পাহাড়ের কোলে সহজ জীবনযাত্রা ও পারিপার্শ্বিক সৌন্দর্য তাদের মনকে বনভূমি অতিক্রান্ত কোন স্বপ্নের জগতে নিয়ে যায় - যেখানে পারস্পরিক আন্তরিক আলাপচারিতা চলতে থাকে। নগর জীবনের সীমাবদ্ধতা | **(2+3)=5** |

| | | | |
|---|---|---|---|
| | | থেকে মুক্তির আনন্দ লেখকদের একটি ফ্রেমবদ্ধ রঙিন কোলাজের সম্মুখীন করে। প্রকৃতিলগ্ন জনজীবনই জীবনের সম্পূর্ণ আর আদর্শ রূপ। প্রকৃতি এবং মানুষের সহাবস্থানে জীবনের যে নক্‌শি কাঁথাটি গড়ে ওঠে এখানে তারই উল্লেখ করা হয়েছে।<br><br>**OR**<br><br>'একাকারে' কবিতায় সুভাষ মুখোপাধ্যায় পানি ,জল, মা আম্মা ইত্যাদি শব্দ প্রয়োগ করে বুঝিয়েছেন যে এগুলি নিছকই ধর্মীয় বা জাতিগত বিভিন্নতার বাহ্যিক দিককেই ইঙ্গিত করে। আচরণ ও প্রকাশের ভিন্নতা থাকলেও হিন্দু ও মুসলিম ধর্মের আন্তরিক কামনা-বাসনা -তাগিদের কোন ফারাক নেই।<br><br>'একাকারে 'কবিতায় কবি সেই জীবনের আহ্বান করেছেন সেখানে মানুষের কামনা, বাসনা, আন্তরিকতা ,মূল্যবোধ ,ধর্মের বেড়াজাল মুক্ত। নিজ নিজ ধর্মাচরণ সেখানে কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করতে | |

| | | | |
|---|---|---|---|
| | | পারেনা। বৈচিত্র্যের মধ্যে ঐক্যের প্রতিষ্ঠা সম্ভব ।তাই বৈচিত্র্য বোঝানোর জন্য তিনি এই বিভিন্ন শব্দগুলিকে প্রয়োগ করেছেন এবং তার মধ্য দিয়ে ঐক্যবদ্ধ দেশের রূপটিই পরিস্ফূট হয়। - উপস্থাপনার মান অনুযায়ী পূর্ণ নম্বর প্রাপ্য। | |
| **PART -B**<br>**C**<br>**(Supplemetary Reader)** | **13** | সরকারি নিয়ম অনুযায়ী নির্দিষ্ট দিনে সূর্যাস্তের মধ্যে শশিভূষণের তার একমাত্র জমিদারি পরগণা এনাৎশাহি লাটের খাজনা না দেবার দায়ে সেটি নিলাম হয়ে গিয়েছিল—এর উল্লেখ থাকলে 2 নম্বর প্রাপ্য।<br>রাধামুকুন্দ প্রথমে তার স্ত্রীর গহনা বন্ধক দিয়ে অর্থের বন্দোবস্ত করেন। পরে মোক্তারি আরম্ভ করেন এবং প্রভূত অর্থোপার্জন করতে শুরু করেন—এই মর্মে পাঠ্যাংশ অনুসরণে উত্তর প্রত্যাশিত।<br>উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে 3 নম্বর | **2+3=5** |

| | | | |
|---|---|---|---|
| | | প্রাপ্য। | |
| | **14.** | জীবিকাসূত্রে কলকাতার শহুরে জীবন ছেড়ে বহুদূরে একটি পোস্টঅফিসে পোস্টমাস্টারের দায়িত্ব নিয়ে তাকে উলাপুর গ্রামে আসতে হয়েছিল। -- এর উল্লেখ থাকলে 2 নম্বর প্রাপ্য।<br><br>জলের মাছকে ডাঙায় তুললে যেমন তার শ্বাসরুদ্ধ হয়ে যায় , উলাপুর গ্রামে আসার পর পোস্টমাস্টারেরও সেইরূপ অবস্থা হয়েছিল। শহুরে শিক্ষিত রুচিবান পোস্টমাস্টার নিজেকে গ্রামের পরিবেশ, মানুষজনের সঙ্গে নিজেকে মানিয়ে নিতে পারেননি—অন্ধকার আটচালায় পোস্টঅফিস, অদূরে পানাপুকুর, চারিধারে জঙ্গল, নীলকুঠির গোমস্তা, কর্মচারী তথা গ্রামের মানুষজন সকলের সঙ্গেই তার মানসিকতার অমিল-- এই মর্মে পাঠ্যাংশ অনুসরণে উত্তর প্রত্যাশিত।<br><br>উপস্থাপনার মান অনুযায়ী 2 | **(2+3)=5** |

| | | | |
|---|---|---|---|
| | | থেকে 3 নম্বর প্রাপ্য।<br>OR<br>কাবুলিওয়ালা রহমত তার ঢিলা জামার মধ্যে থেকে ভুসা কালি মাখা কন্যার হাতের ছাপ সম্বলিত একটি ময়লা কাগজ কথকের টেবিলের উপর মেলে ধরেছিল—দূর কাবুলে ফেলে আসা কন্যার একমাত্র স্মরণচিহ্ন--- এই তথ্যের উল্লেখ থাকলে 2 নম্বর প্রাপ্য।<br>পিতার সঙ্গে সন্তানের সম্পর্ক চিরকালীন, তা শাশ্বত – দেশ কাল ভাষার বলয়িত বৃত্তে তা সীমাবদ্ধ নয়। পাঠ্যগল্পের সূত্রে যেকোনো যুক্তিগ্রাহ্য মতামত গ্রহণযোগ্য।<br>উপস্থাপনার মান অনুযায়ী 2 থেকে 3 নম্বর প্রাপ্য। | |
| **PART -B**<br>**D**<br>**(Writing)** | **15** | পত্ররচনা – সম্পাদকের কাছে।<br>অবয়ব সংস্থান – সম্বোধন, পত্রিকার নাম ও ঠিকানা, তারিখ, সমাপ্তিসূচক পদ ও | |

| | | | |
|---|---|---|---|
| | | প্রেরকের ঠিকানার সম্পূর্ণ উল্লেখ থাকলে 2 নম্বর প্রাপ্য।প্রতি বিষয়ের জন্য বরাদ্দ 0.5 নম্বর।<br><br>পত্রের বিষয়বস্তুর জন্য 3 নম্বর বরাদ্দ।<br><br>বক্তব্য প্রশ্নানুগ হলে ন্যূনতম 2 নম্বর প্রাপ্য।<br><br>যথাযথ উপস্থাপনা , প্রয়োগ ও ভাষাগত দক্ষতা বজায় থাকলে পুরো 3 নম্বর প্রাপ্য। | **(5x1)=5** |
| | **16** | অনুচ্ছেদ রচনা –<br>♣ প্রশ্নানুগ ও যথাযথ বিষয় নির্ধারণের জন্য 2  নম্বর বারদ্দ।<br>♣ উপস্থাপনা ও ভাষাগত দক্ষতার জন্য 3 নম্বর বরাদ্দ।<br>♣ উল্লিখিত শর্তপূরণে পূর্ণ মান দেওয়া যেতে পারে। | **(5x1)=5** |
| | | | |

---